**একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

নং- ৩৩.০২.৩৫৯১.৫০১.৮৫.০০২.২১.২২৪ তারিখঃ ১৬/০৯/২০২১ খ্রি.

## কোটেশন বিজ্ঞপ্তি

পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও বিধিমালা ২০০৮ অনুসারে গোপালগঞ্জ জেলাধীন টুঙ্গিপাড়া উপজেলার বিভিন্ন জলাশয়/ বিলে অবমুক্তির জন্য রুই জাতীয় জীবন্ত মাছের পোনা ক্রয়ের নিমিত্তে আগ্রহী পোনা উৎপাদনকারী/ পোনা ব্যবসায়ী/ পোনা সরবরাহকারীদের নিকট হতে নির্ধারিত কোটেশন দলিলে (সিডিউলে) বর্ণিত শর্ত মোতাবেক সীল মোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/ বিভাগ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/ মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ। |
| ০২. | প্রতিষ্ঠানের নাম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |
| ০৩. | কাজের নাম | রুই জাতীয় জীবন্ত মাছের পোনা সরবরাহ। |
| ০৪. | কোটেশন আহ্বানকারী ও ক্রয় সত্বাধিকারী | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |
| ০৫. | বাজেট বরাদ্দ ও টাকার উৎস | ২.২০ লক্ষ টাকা, প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ মহোদয়ের পত্র নং -৩৩.০২.০০০০.৯৫৭.০৯.০০৪.২১.১৮৮, তারিখ-১৫/০৮/২০২১ খ্রি.ও পত্র নং -৩৩.০২.০০০০.৯৫৭.০৯.০০৪.২১.২০২, তারিখ-১৩/০৯/২০২১ খ্রি |
| ০৬. | সংগ্রহ পদ্ধতি | কোটেশন পদ্ধতি |
| ০৭. | কোটেশন সিডিউল বিতরনের তারিখ, সময় ও স্থান | ১৬/০৯/২০২১ খ্রি. তারিখ থেকে ২২/০৯/২০২১ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |
| ০৮. | কোটেশন জমাদানের তারিখ, সময় ও স্থান | ২২/০৯/২০২১ খ্রি. বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |
| ০৯. | কোটেশন খোলার তারিখ, সময় ও স্থান | ২২/০৯/২০২১ খ্রি. বেলা ১২.৩০ ঘটিকায় কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন), সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |
| ১০. | কোটেশন মূল্যায়ন কমিটির সভার স্থান | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। |
| ১১. | কোটেশন দাতাগণের যোগ্যতা | কোটেশন সিডিউলে বর্ণিত শর্তাবলী মোতাবেক। |
| ১২. | কোটেশন সিডিউলের মূল্য | বিনামূল্যে বিতরণ। |
| ১৩. | কোটেশন নিরাপত্তা জমানতের পরিমান | প্রযোজ্য নহে |
| ১৪. | বিশেষ নির্দেশিকা | নীতিমালা মোতাবেক ক্রয় কমিটি/ কোটেশন মূল্যায়ন কমিটি / ক্রয়কারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত কমিটি/ ক্রয়কারী কর্তৃপক্ষ যে কোন কোটেশন বাতিল/গ্রহণ/পরিবর্তন/ সংরক্ষণ করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোটেশনের সকল শর্তাবলী সিডিউলে বিস্তারিত বর্ণিত হয়েছে। |

১৬/০৯/২১

(দেবাশীষ বাছাড়)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
sufotungipara@fisheries.gov.bd

পত্র নং- ৩৩.০২.৩৫৯১.৫০১.৮৫.০০২.২১.২২৪/১(১৮) তারিখঃ ১৬/০৯/২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
০২. জেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জ।
০৩ প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প,মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া. গোপালগঞ্জ।
০৫ উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া. গোপালগঞ্জ।
০৮. ................................অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
০৯ জনাব................................., টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
১০. ................................অফিসার, সদস্য, কোটেশন মূল্যায়ন কমিটি, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
১১ নোটিশ বোর্ড, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কাযালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
১২. সংশ্লিষ্ট নথি।

১৬/০৯/২১
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

# - কোটেশনের শর্তাবলীঃ-

০১. কোটেশন দলিল আগামী ২২/০৯/২০২১ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

০২. কোটেশনের সাথে (ক) প্রকৃত পোনামাছ উৎপাদনকারীর ক্ষেত্রে হালসন পর্যন্ত নবায়িত ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
(খ) সরবরাহকারীর ক্ষেত্রে হালসন পর্যন্ত নবায়িত ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩. প্রকৃত পোনামাছ উৎপাদনকারী/ পোনামাছ ব্যবসায়ী /পোনা মাছ সরবরাহকারী প্রতিষ্ঠান নিজে বা তার প্রতিনিধি কর্তৃক কোটেশন দলিল খামের মধ্যে সীলগালা করা অবস্থায় আগামী ২২/০৯/২০২১ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে এবং ২২/০৯/২০২১ খ্রি. বেলা ১২.৩০ ঘটিকার সময় নির্ধারিত কমিটির উপস্থিতিতে কোটেশন উন্মুক্ত করা হবে। উল্লেখিত তারিখ ও সময়ের পরে আর কোন কোটেশন গ্রহণ করা হবে না।

০৪. কোটেশনে প্রতি কেজি পোনার মূল্য অংকে ও কথায় উল্লেখ করতে হবে এবং কোন প্রকার কাটাকাটি বা ঘসামাজা কোটেশন গ্রহণযোগ্য হবে না। কোটেশনে উল্লেখিত মূল্য বর্তমান বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ন হতে হবে এবং সর্বনিম্ন দরদাতার কোটেশন বিধি মোতাবেক গ্রহণ করা হবে।

০৫. প্রতি কেজি রুই জাতীয় পোনা মাছের দরহার ৩০০/- (তিনশত টাকার) অধিক হতে পারবে না।

০৬. সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পোনা নিজ খরচে নির্ধারিত জলাশয়ে পৌছাতে হবে এবং পরিবহন ব্যয় সহ প্রতি কেজি পোনার সরবরাহ মূল্য উল্লেখ করতে হবে। জলাশয়ের বিবরণ কার্যাদেশে উল্লেখ করা হবে।

০৭. সরবরাহের জন্য পোনা অবশ্যই ১০-১৫ সেঃমিঃ আকার / সাইজের অক্ষত, জীবিত ও সঠিক প্রজাতির হতে হবে এবং স্বচ্ছ ও পরিস্কার পরিচ্ছন্ন থাকতে হবে।

০৮. কার্যাদেশে বর্ণিত সিডিউল অনুযায়ী পোনা সরবরাহ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন পোনা গ্রহণ করা হবে না।

০৯. কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পোনা সরবরাহ করতে হবে এবং সরবরাহ শেষে ০২ (দুই) প্রস্থ বিল দাখিল করতে হবে। সরকারী বিধি মোতাবেক বিলের টাকা থেকে ভ্যাট - ট্যাক্স ও অন্যান্য কর কর্তন করা হবে।

১০. পোনা সরবরাহের ক্ষেত্রে পোনার আকার ও ওজন উভয়ই বিবেচনায় আনা হবে এবং উভয় বিষয় প্রতিপালনপূর্বক পোনা গ্রহণ করা হবে।

১১. উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশে বা যে কোন অবস্থার পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ প্রয়োজন বোধে যে কোন সময় পোনা গ্রহণ বন্ধ করে দিতে পারেন। এই অবস্থায় কোটেশন দাতা / সরবরাহকারী যে পরিমাণ পোনা সরবরাহ করেছেন শুধুমাত্র তার বিল দাবী করতে পারবেন। বাতিলকৃত সরবরাহ আদেশের বিরুদ্ধে কোন প্রকার দাবী/ অভিযোগ বা আইনী ব্যবস্থা গ্রহণযোগ্য হবে না।

১২. কোটেশন দাতা কর্তৃক চুক্তিবদ্ধ পোনার পরিমাণের চেয়ে ৫০% এর কম পোনা সরবরাহ করলে সরবরাহকৃত পোনার মূল্য প্রদান করা হবে না। চুক্তিবদ্ধ পরিমানের ৫০% অধিক এবং সর্বোচ্চ ১০০ ভাগ পোনা সরবরাহ করা হলে সরবরাহকৃত পোনার মূল্য প্রদান করা হবে এ ব্যাপারে সরবরাহকারীর কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩. কোটেশন গ্রহণের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত কোটেশনে উদ্বৃত পোনার দরহার বলবৎ থাকবে। উদ্বৃত পন্যের মূল্যে সকল প্রকার ট্যাক্স, ভ্যাট, পরিবহন ব্যয়, মুনাফা ইত্যাদি অর্ন্তভুক্ত থাকবে।

১৪. পোনা সরবরাহ সিডিউলে যে দিন যে পরিমাণ পোনা সরবরাহের নির্দেশনা থাকবে ঐদিন সকল পোনা সরবরাহ করতে হবে। নির্ধারিত পরিমানের চেয়ে কম পোনা সরবরাহ করা হলে অবশিষ্ট পোনা পরবর্তীতে গ্রহণ করা হবে না।

১৫. কোটেশনে উদ্ধৃত দর টাকায় এবং এর আওতায় যে কোন ক্রয় আদেশের অধীন সম্পাদিত কাজের মূল্য বাংলাদেশী টাকায় পরিশোধ করা হবে।

১৬. প্রতি কেজি পোনার মূল্যের উপর ভিত্তি করে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সরবরাহযোগ্য পোনার পরিমান নির্ধারন করা হবে যা কার্যাদেশে উল্লেখ করা হবে।

১৭. একজন কোটেশনদাতা কেবল মাত্র একটি কোটেশন দাখিল করতে পারবেন এবং কোটেশন পত্রে কোটেশন দাতার পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে। এ ছাড়া কোটেশন দাতাকে কোটেশন দলিলের প্রতি পৃষ্টায় স্বাক্ষর করতে হবে।

১৮. পোনা মজুদযোগ্য জলাশয়ে পোনা পৌছানোর পর হাপায় অন্ততঃ ০১ (এক) ঘন্টা Conditioning করতে হবে।

১৯. কোটেশনে অংশগ্রহণের পূর্বে কোটেশনের শর্তাবলীসহ সংশ্লিষ্ট কাগজ পত্রের প্রতি পৃষ্ঠা ভালভাবে পড়ে বুঝে তবেই কোটেশনে অংশগ্রহণ করতে হবে।

২০. কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণ করতে বাধ্য থাকবেন না এবং কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল অথবা সকল আইটেমের কোটেশন বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২১. কোটেশন (সিডিউল) গ্রহণের সময় হালসন পর্যন্ত নবায়িত ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের সত্যায়িত ফটোকপি প্রদর্শন করতে হবে।

(দেবাশীষ বাছাড়)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।